# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১৬.৬৭০০.০১৪.৩১(৪).০৩০.১৮/ ৩৩৪ তারিখ ঃ ২২/০৭/২০১৮ খ্রিঃ

## " কোরবানীর অস্থায়ী পশুর হাটের ইজারা বিজ্ঞপ্তি "

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৮ উপলক্ষ্যে ঈদের পূর্ববর্তী ৩ (তিন) দিনের জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনাধীন নিম্নোক্ত অস্থায়ী পশুর হাট ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে। অস্থায়ী পশুর হাট ইজারার শর্ত সম্বলিত দরপত্র সিডিউল অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক ও পুলিশ সুপার , নারায়ণগঞ্জ এর কার্যালয় এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর ভবন, কমদরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের হিসাব শাখা থেকে নির্ধারিত মূল্যে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের জন্য সিটি কর্পোরেশনের ৩টি আঞ্চলিক কার্যালয় , জেলা প্রশাসক ও পুলিশ সুপার নারায়ণগঞ্জ এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে ইজারা দরপত্র জমা দেয়া যাবে। গৃহীত সকল দরপত্র সমূহ একত্রিত করে সিটি কর্পোরেশনের প্রধান নিবাহী কর্মকর্তার অফিস কক্ষে ঐদিনই বিকাল ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবেনা।

| ক্র:নং | অস্থায়ী পশুর হাটের নাম | দরপত্রের সাথে দাখিলকৃত পে-অর্ডার এর পরিমান (প্রস্তাবিত মূল্যের টাকা) | দরপত্র মূল্য |
|---|---|---|---|
| ১ | ০৩ নং ওয়ার্ড মাদানী নগর ব্রীজ সংলগ্ন বালুর মাঠ। (সিদ্ধিরগঞ্জ) | ১০০% | ১০০০/- |
| ২ | ০৪ নং ওয়ার্ড টাইগার রি-রোলিং মিলের মাঠ। (সিদ্ধিরগঞ্জ) | ১০০% | ২০০০/- |
| ৩ | ০৪ নং ওয়ার্ড তাজ জুট মিলের মাঠ। (সিদ্ধিরগঞ্জ) | ১০০% | ১০০০/- |
| ৪ | ০৬ নং ওয়ার্ড নুরে মদিনা দাখিল মাদ্রাসা মাঠ। (সিদ্ধিরগঞ্জ) | ১০০% | ১০০০/- |
| ৫ | ০৭ নং ওয়ার্ড নাভানা সিটির খালি মাঠ। ( সিদ্ধিরগঞ্জ) | ১০০% | ১০০০/- |
| ৬ | ০৮ নং ওয়ার্ডে গোদনাইল ইব্রাহীম টেক্সটাইল মিলস এর মাঠ, রেললাইনের পশ্চিম অংশ (যা ওয়ার্ড নং- ০৮ এর অংশ) | ১০০% | ৪,৮০০/- |
| ৭ | ১০ নং ওয়ার্ডে লক্ষী নারায়ণ মিল সংলগ্ন সিটি কর্পোরেশনের খালি জায়গা । (নারায়ণগঞ্জ) | ১০০% | ২,২০০/- |
| ৮ | ১৮ নং ওয়ার্ডে সৈয়দপুর শীতলক্ষ্যা নদী সংলগ্ন কোল্ড ষ্টোরেজে পার্শ্বে তৌহিদ ফকির গং এর খালি জায়গা (নারায়ণগঞ্জ) | ১০০% | ১০,০০০/- |
| ৯ | ২০ নং ওয়ার্ডে সোনাকান্দা অস্থায়ী পশুর হাট। (বন্দর) | ১০০% | ৫,৮০০/- |
| ১০ | ২৪ নং ওয়ার্ডে নবীগঞ্জ বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট। (বন্দর) | ১০০% | ২,৬০০/- |
| ১১ | ২৫ নং ওয়ার্ডে চৌরাপাড়া অস্থায়ী পশুর হাট। (বন্দর) | ১০০% | ৩,০০০/- |
| ১২ | ২৫ নং ওয়ার্ডে উত্তর লক্ষণ খোলা খেয়াঘাট সংলগ্ন অস্থায়ী পশুর হাট। (বন্দর) | ১০০% | ১,২০০/- |

### দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচী:

| ক্র:নং | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র জমাদানের তারিখ ও শেষ সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম দফা | ২৪/০৭/২০১৮ হতে ২৯/০৭/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | ৩০/০৭/২০১৮ খ্রিঃ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত | ৩০/০৭/২০১৮ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা | প্রথম দফায় কোন হাটের দরপত্র গৃহীত হলে পরবর্তী দফায় ঐ হাটের দরপত্র বিক্রি গ্রহণযোগ্য হবে না। |
| ২য় দফা | ০৫/০৮/২০১৮ হতে ০৭/০৮/২০১৮ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | ০৮/০৮/২০১৮খ্রিঃ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত | ০৮/০৮/২০১৮ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা | |

**বিঃ দ্রঃ- দরপত্রের সহিত ১০০% টাকা পে-অর্ডার এবং প্রস্তাবিত মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়করের সমপরিমান পে-অর্ডার দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে।**

D:\New folder\kurbany.doc

শর্তাবলী ঃ

১। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং দরপত্র সিডিউল ক্রয়ের মূল রশিদ দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২। প্রস্তাবিত দরের সমপরিমান , অর্থাৎ ১০০% (একশত ভাগ) টাকা দরপত্রের সাথে মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর অনুকূলে পে-অর্ডার জমা দিতে হবে। অন্যথা দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। দরপত্রের সহিত প্রস্তাবিত দরের ১৫% ভ্যাট ও ৫% আয়কর সহ মোট ২০% টাকার পে- অর্ডার অবশ্যই সংযুক্ত করতে হবে।

৩। অস্পষ্ট, কাটা-ছেড়া বা ঘষা মাজা সম্বলিত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। ইজারা নেয়ার লক্ষ্যে যে হাটের দরপত্র দাখিল করা হবে তার নাম স্পষ্ট অক্ষরে দরপত্র সিডিউল ও খামের উপরে লিখতে হবে।

৫। নির্দিষ্ট সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

৬। সিটি কর্পোরেশনের ইজারা সংক্রান্ত সকল দেনা পাওনা পরিশোধ পূর্বক চুক্তিপত্র সম্পাদান করত: হাটের কার্যক্রম শুরু করতে হবে। চুক্তিপত্র সম্পাদনের পর হাটের দখল বুঝিয়ে দেয়া হবে। কোন অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির নামে দরপত্র ক্রয় করা যাবে না।

৭। টোল আদায় সংক্রান্ত যাবতীয় প্রস্তুতি (আলোর ব্যবস্থাসহ) ইজারাদারকে সম্পন্ন করতে হবে।

৮। ইজারা স্থান সমূহের উপর কাঁচা বা পাকা কোন কাঠামো নির্মাণ করা যাবে না।

৯। ইজারাকৃত হাট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সাবলীজ দেয়া যাবে না। ভ্যাট, আয়কর, জামানত ইত্যাদি সম্পূর্ণ টাকা পরিশোধ পূর্বক কার্যাদেশ গ্রহন ব্যতিত হাটের কার্যক্রম গ্রহণ সম্পূর্ন অবৈধ বলে বিবেচিত হবে।

১০। বিক্রিত মূল্যের উপর ৫% হারে অস্থায়ী পশুর হাটের হাসুলী আদায় করতে হবে।

১১। ইজারা সংক্রান্ত সকল সরকারী নির্দেশ ইজারাদারকে অবশ্যই মেনে চলতে হবে। তাছাড়া প্রয়োজনে সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ যে কোনশর্ত আরোপ করতে পারবে।

১২। ইজারাদার কর্তৃক এক বা একাধিক শর্ত ভঙ্গ করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে।

১৩। হাট এলাকা ইজারাদারকে সম্পূর্ন নিজ ব্যয়ে প্রতিদিন পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। অন্যথা জামানতের টাকা বাজেয়াপ্ত করত: হাট পরিষ্কার পরিচ্ছন্ন করা হবে।

১৪। সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ / তাঁর প্রতিনিধি প্রয়োজন হলে যে কোন সময় হাট এলাকা পরিদর্শন করতে পারবেন এবং বাস্তবতার নিরিখে যে কোন শর্ত আরোপ করতে পারবেন।

১৫। অস্থায়ী পশুর হাট এমনভাবে স্থাপন করতে হবে যেন কোনক্রমেই যানবাহন ও জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি না হয়।

১৬। হাটের জন্য নির্ধারিত স্থান ব্যতিত সড়ক,মহাসড়ক,বা জোর পূর্বক অন্য কারো জায়গায় হাট বসানো যাবেনা।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের এখতিয়ার সংরক্ষণ করেন।

১৮। উক্ত পুর্নাঙ্গ বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশনের www.ncc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৯। উপরে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(এ,এফ,এম,এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন-৭৬৩৩৪২৩
e-mail: ceo@ncc.gov.bd

স্মারক নং-৪৬.১৬.৬৭০০.০১৪.৩১(৪).০৩০.১৮/ ৩৩৪/১ (৬০) তারিখঃ ২২/০৭/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুলিপি দেয়া হলো ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ নারায়ণগঞ্জ সদর/বন্দর।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর/বন্দর।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। নির্বাহী প্রকৌশলী/গণপূর্ত/এল,জি,ই,ডি, নারায়ণগঞ্জ।

D:\New folder\kurbany.doc

১০। কাউন্সিলর (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দা:), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

১২। ............................................................, নির্বাহী প্রকৌশলী (চ:দা:), সিদ্ধিরগঞ্জ/কদমরসুল আঞ্চলিক কার্যালয়।

১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা নারায়ণগঞ্জ সদর/বন্দর/সিদ্ধিরগঞ্জ থানা।

১৪। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ জেলা প্রশাসকের কার্যালয়/পুলিশ সুপারের কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসার/ সদর/বন্দর/ প্রধান ডাকঘর, সহকারী কমিশনার ভূমি/সাব-রেজিষ্টার/ সদর/বন্দর/ সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।

১৫। সহকারী সচিব ------------------------------ অঞ্চল , তাঁকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে সিটি কর্পোরেশন ...................... এলাকায় ১ (এক) দিন ৬ ঘন্টা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৬। সম্পাদক...................................... নারায়ণগঞ্জ। (তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৩ কলামে ১২" পরিসরে আগামী ২৩/০৭/২০১৭ খ্রিঃ তারিখে ১ (এক) দিন প্রকাশ করে ১ কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৭। জনাব ........................................................ (সাবেক) ইজারাদার, ...................................................।

(এ,এফ,এম,এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

D:\New folder\kurbany.doc